# জানুয়ারী-২০২২ খ্রিস্টাব্দ মাসে অনুষ্ঠিত কাপাসিয়া উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ আমানত হোসেন খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাপাসিয়া, গাজীপুর।
সভার তারিখ ঃ ২০.০১.২০২২ খ্রি.
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কাপাসিয়া, গাজীপুর।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের ফুল দিয়ে বরণ করে নেন। অতঃপর তিনি গত সভার কার্যবিবরণীর কোন সংযোজনী/সংশোধনী থাকলে তা জানানোর জন্য উপস্থিত সদস্যদের আহবান জানান। সদস্যদের নিকট হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচী ভিত্তিক আলোচনা উপস্থাপন করলে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ<br>জনাব এ.কে.এম গোলাম মোর্শেদ খান, উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর উপস্থিত সকলকে বিগত সভার সিদ্ধান্ত পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধন বা বিয়োজন না থাকলে বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করার জন্য সকলকে অনুরোধ করেন। | কোন ধরনের সংশোধন বা বিয়োজন না থাকায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। কাপাসিয়া উপজেলায় বিভিন্ন স্কুলের ছাত্র/ছাত্রীদের ফাইজারের ভ্যাক্সিন প্রদান করা হচ্ছে। আগামী ২২/০১/২০২২ খি. তারিখের মধ্যে শতভাগ শিক্ষার্থীদেরকে টিকার আওতায় আনা যাবে এবং করোনা ভাইরাস নিয়ন্ত্রণে সবাই যাতে মাস্ক পড়ে চলাফেরা করে এই বিষয়ে সকল চেয়ারম্যান ও মেম্বারগণকে ব্যাপক প্রচারনা করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | সকল ছাত্র/ছাত্রীদের ভ্যাক্সিন কার্যক্রমের আওতায় দ্বিতীয় ডোজ টিকা সঠিকভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকলকে সহযোগিতা করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>৩। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কাপাসিয়া, গাজীপুর প্রথমেই নবনির্বাচিত চেয়ারম্যানদেরকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে বলেন, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।<br>প্রানিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরের "প্রানিসম্পদ প্রদর্শনী" আগামী ৬ ফেব্রুয়ারী ২০২২ তারিখ সারা বাংলাদেশের ন্যায় কাপাসিয়ায় অনুষ্ঠিত হবে। তাছাড়াও অত্র দপ্তরের বিভিন্ন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন। | "প্রানিসম্পদ প্রদর্শনী" আগামী ৬ ফেব্রুয়ারী ২০২২ তারিখে সুষ্ঠ ও সুন্দরভাবে আয়োজন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>১. ২০২১-২২ সনের কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় টোক ইউনিয়নের বীর উজলী ব্লকে টোকনগর গ্রামে ৫০ একর (১৫০ বিঘা) জমিতে ৮২ জন কৃষক এর জমিতে বোরো হাইব্রিড (লাল তীর ৪ জাত) এর ধান চাষাবাদ হবে।<br>২. ২০২১-২০২২ সনের কৃষি প্রনোদনার কর্মসূচীর আওতায় বোরো দান (উফসী) ১৭০০ জন এবং বোরো হাইব্রীড ধান ২০০০ জন কৃষক/কৃষাণীকে বিনামূল্যে সার ও বীজ উপকরণ বিতরণ করা হয়েছে।<br>৩. ২০২১-২২ সনের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে রাজস্ব অর্থায়নে বিভিন্ন ফসলের ৬০ টি প্রদর্শনী, তেল জাতীয় ফসলের ৫০টি প্রদর্শনী, ধান গম ও পাট বীজ উৎপাদন ৮টি প্রদর্শনী কার্যক্রম রবি/২০২১-২২ মৌসুমে বাস্তবায়ন চলছে।<br>৪. অত্র উপজেলায় বিসিআইসি ১৬ জন ও বিএডিসি ১৪ জন ডিলার | সার উত্তোলন ও বিতরণ কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার,কাপাসিয়া, গাজীপুর। |

| | | | |
|---|---|---|---|
| | গণের মাসওয়ারী বরাদ্দ অনুযায়ী সার উত্তোলন ও বিতরণ কার্যক্রম সঠিকভাবে সরকারি বিধি অনুযায়ী সার বিক্রয় চলছে। | | |
| ০৫ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন, ০১ নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা বিরোধী অভিযান চলবে। এ সময় কেউ যেন জাটকা মাছ না ধরে সে বিষয়ে তিনি সভায় আলোচনা করেন। এছাড়া জাইকার অর্থায়নে ৬০ জনকে গুলশা, পাবদা, টেংরা ও শোল মাছের চাষ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। মাটি ও পানি পরীক্ষার যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত আলোচনা করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাছের চাষ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ স্ব-স্ব ইউনিয়নে ব্যাপক প্রচারণার ব্যবস্থা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কাপাসিয়া,গাজীপুর।<br>২। চেয়ারম্যান, সকল ইউপি. কাপাসিয়া, গাজীপুর। |
| ০৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন,<br>১। রায়েদ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক পুনঃনির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কেন্দ্র দুটি আংশিক সীমানা নির্ধারণ না থাকায় পুনঃনির্মাণ কার্যক্রম ব্যাহত হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে উক্ত কেন্দ্র দুটির আংশিক সীমানা নির্ধারণের গুরুত্ব সম্পর্কে আলোচনা হয়।<br>২। মাননীয় সংসদ সদস্য জনাব সিমিন হোসেন রিমি বলেন, মানবিক সহায়তা তহবিলে দাতার পরিমান বৃদ্ধি করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও গণ্যমান্য ব্যক্তিদেরকে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় বিভিন্ন ধরনের পরামর্শ প্রদান করেন। | রায়েদ ও দূর্গাপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র দুটি আংশিক সীমানা নির্ধারনকরণ এবং মানবিক সহায়তা তহবিলে দাতার পরিমান বৃদ্ধির জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি), কাপাসিয়া, গাজীপুর।<br>২। চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপি, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৭ | উপজেলা সমাজসেবা অফিসার, কাপাসিয়া, গাজীপুর তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে জানান। এছাড়া তিনি আরো জানান যে,<br>ক. সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২১-২০২২ অর্থবছরের ১৯২২৯ জন বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীর ২য় কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ১২৫ জন প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ২য় কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে।<br>খ. কাপাসিয়া উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের ২য় ধাপে বীর নিবাস নির্মাণের জন্য আবেদনপত্র আহ্বান করে পত্র জারী করা হয়েছে। সে প্রেক্ষিতে আবেদনপত্র দাখিলের কার্যক্রম চলমান।<br>গ. শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স স্থাপনের লক্ষ্যে বিগত ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় উপজেলা পর্যায়ে শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স স্থাপনের জন্য উপজেলা সমাজসেবা কার্যালয়ের নিজস্ব গণমিলনায়তন কেন্দ্র অথবা উপজেলা পরিষদ কর্তৃক প্রদেয় জমির ডিজিটাল সার্ভে নকশা ও সীমানা চিহ্নিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। শীঘ্রই উপজেলা সমাজসেবা কার্যালয়ের নিজস্ব গণমিলনায়তন কেন্দ্র অথবা উপজেলা পরিষদ কর্তৃক প্রদেয় জমির ডিজিটাল সার্ভে ও সীমানা চিহ্নিতকরণ না হওয়া পুনরায় জমির ডিজিটাল সার্ভে নকশা ও সীমানা চিহ্নিতকরণের জন্য সভাকে অবহিত করেন।<br>ঘ. উপজেলা সমাজসেবা কার্যালয়ের দাবীর প্রেক্ষিতে মাধ্যমিক শিক্ষা অফিসের নিচ তলায় একটি কক্ষ বরাদ্দ প্রদান করা হয়। কক্ষটি কার্যালয় হতে দূরে হওয়ায় ও বাথরুম না থাকায় এবং সেবা গ্রহীতাগণ চিনতে অসুবিধা হওয়ায় স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। এমতাবস্থায়, উপজেলা হিসাবরক্ষণ অফিসের আদলে বর্তমান কার্যালয় সংলগ্ন কক্ষ স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন।<br>এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে জানান। | ব্যাপক প্রচারণার মাধ্যমে অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস নির্মাণের আবেদন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা সমাজসেবা অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>৩। চেয়ারম্যান, সকল ইউপি. কাপাসিয়া, গাজীপুর। |
| ০৮ | উপজেলা সমবায় অফিসার বলেন,<br>১। বার্ষিক অডিট সম্পাদনঃ বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আলোকে লক্ষ্য মাত্রা অনুযায়ী ডিসেম্বর/২১ ইং পর্যন্ত ৭৬টি সমবায় সমিতির বার্ষিক অডিট সম্পাদিত হয়েছে। অডিট সম্পাদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>২। সমবায় সমিতি পরিদর্শন/পরিচর্চাঃ বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আলোকে ১৮ টি সমবায় সমিতির পরিদর্শন/প্ররিচর্চা সম্পন্ন হয়েছে এবং পরিদর্শনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>৩। বার্ষিক সাধারণ সভা এ,জি,এমঃ ডিসেম্বর/২১ মাসের সমবায় আইন ও | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমবায় অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |

| | | | |
|---|---|---|---|
| | বিধির আলোকে ১০ টি সমবায় সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত বার্ষিক সাধারণ সভার আলোকে সমিতির উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>৪। প্রশিক্ষণ ঃ সমবায় সমিতির সদস্যদের পেশাগত দক্ষতা অর্জনের জন্য ১৬ জন সমবায়ীকে আঞ্চলিক ইনস্টিটিউটে প্রশিক্ষনের জন্য প্রেরণ করা হয়েছে। স্থানীয় ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে ৫০ জন সমবায়ীকে সমবায় ব্যবস্থাপনা এবং উৎপাদনমূলক প্রকল্প গ্রহণ করার জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৫। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) প্রকল্পঃ সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) প্রকল্পের অধীনে ৬০টি সমবায় সমিতি রয়েছে। উক্ত সমিতির সদস্যদের উন্নয়নের লক্ষ্যে ৬টি মাসিক যৌথ সভা ও ই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণের মাধ্যমে ৩৬০ জন সমবায়ীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৬। সমবায় সমিতি নিবন্ধনঃ সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে উৎপাদন মূলক সমবায় সমিতি গঠনে গুরুত্ব দেওয়া হয়েছে। ডিসেম্বরে ১০টি উৎপাদন মূলক সমবায় সমিতি গঠন এবং নিবন্ধন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br>৭। সমবায় উদ্বুদ্ধকরণ সভাঃ ডিসেম্বর/২০২১ পর্যন্ত উপজেলা সমবায় বিভাগের আওতায় ২টি সমবায় উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। ২টি সভার মাধ্যমে ৩৪৮ জন সাধারণ জনগণকে সমবায় সম্পর্কে ধারণা দেওয়া হয়েছে। কাপাসিয়া উপজেলায় ১০০টি সমবায় সমিতির মাধ্যমে কাপাসিয়া সেন্ট্রাল ডেভেলপমেন্ট কো-অপারেটিভ সোসাইটি লিঃ গঠন এবং নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। উক্ত সমবায় সমিতির মাধ্যমে সমবায় সমিতির নিজস্ব মূলধন দিয়ে জায়গা ক্রয় করে সমবায় হসপিটাল নির্মাণের প্রক্রিয়া চলমান রয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন।<br>এছাড়া তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছেড় মর্মে তিনি সভাকে অবহিত করেন। | | |
| ০৯ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাপাসিয়া, গাজীপুর বলেন যে,<br>১। ২০১৯-২০ অর্থ বছরের সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬ টি নলকূপের মধ্যে ২৮১ টি নলকূপের বোরিংয়ের কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজ চলমান রয়েছে।<br>২। ২০২০-২১ অর্থ বছরের সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬ টি নলকূপের মধ্যে ১৩০ টি নলকূপের বরিংয়ের কাজ সম্পন্ন হয়েছে । অবশিষ্ট কাজ চলমান রয়েছে।<br>৩। মুজিববর্ষ উপলক্ষে গৃহহীন পরিবারের জন্য ৮ টি নলকূপ স্থাপনের কাজ শেষ হয়েছে।<br>৪। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২০টি বিদ্যালয়ের মধ্যে ১০টি বিদ্যালয়ে ওয়াশ ব্লক এর কাজ শুরু হয়েছে।<br>৫। সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় রুরাল ওয়াটার সাপ্লাই কাজ দ্রুত শুরু হবে।<br>৬। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় আর্সেনিক পরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য ১১টি ইউনিয়নে ৬ জন করে মোট ৬৬ জন টেস্টার এর মাধ্যমে প্রায় ১৫০০০ নলকুপের আর্সেনিক পরীক্ষা শেষ হয়েছে বলে সভায় অবহিত করেন। | ২০২০-২১ অর্থ বছরের বরাদ্দকৃত নলকূপগুলোর বরিং এর কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করার জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, কাপাসিয়া, গাজীপুর। |
| ১০ | সহকারী বন সংরক্ষক, ঢাকা বন বিভাগ, রাজেন্দ্রপুর রেঞ্জ বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ গড়ার প্রতিশ্রুতি কার্যক্রমের অংশ হিসেবে বনায়ন ও সামাজিক বনায়ন কার্যক্রম অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় ২০২০-২১ অর্থ বছরে রাজেন্দ্রপুর রেঞ্জে ৪৮০ হেঃ বনায়ন করা হয়েছে। যেখানে সুর্য্যনারায়নপুর রেঞ্জে ১০০ হেঃ বনায়ন হয়েছে। বর্তমানে শুষ্ক মৌসুম থাকায় বন অবৈধ জবরদখল ও গাছ চুরির সম্ভাবনা বেশি থাকায় আমাদের টিম সার্বক্ষনিক টহল কার্যক্রম অব্যাহত রেখেছে মর্মে সভায় অবগত করেন। | অবৈধ জবরদখল ও গাছ চুরি প্রতিরোধে সকলকে সচেতন থাকার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। রেঞ্জ কর্মকর্তা, রাজেন্দ্রপুর রেঞ্জ, গাজীপুর। |
| ১১ | উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর এর পক্ষে জনাব মোঃ ফারুক, উপ-সহকারী প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর বলেন, কাপাসিয়া উপজেলায় বঙ্গতাজ তাজউদ্দিন আহমদ স্মৃতি জাদুঘর নির্মাণ করণের লক্ষ্যে কাপাসিয়া মৌজায় বাসস্ট্যান্ড এলাকায় জমি অধিগ্রহণ করা হয়েছে। অধিগ্রহণকৃত জমিতে কিছু সংখ্যক দোকানপাট বিদ্যমান রয়েছে। যা দ্রুত উন্মুক্ত ডাকে | কাপাসিয়া উপজেলায় বঙ্গতাজ তাজউদ্দিন আহমদ স্মৃতি জাদুঘর নির্মাণ করণের লক্ষ্যে কাপাসিয়া মৌজায় বাসস্ট্যান্ড এলাকায় বিদ্যমান দোকানপাট ও অন্যান্য | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, |

বিক্রির জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।

স্থাপনা দ্রুত সময়ের মধ্যে উন্মুক্ত ডাকের মাধ্যমে বিক্রির ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় সবসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

গাজীপুর।
৩। উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর।

---

১২ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তার দপ্তরের নিম্নে বর্ণিত কার্যক্রমসমূহ তিনি সভাকে অবহিত করেন।

| ক্রমিক নং | কর্মসূচি/প্রকল্পের নাম | খেলাপী ঋণের আসল টাকা | খেলাপী ঋণের বকেয়া টাকা | মোট প্রাপ্ত টাকা (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| ০১ | আবর্তক কর্মসূচী | ৩৩.৫০ | ২৯.৪৮ | ৬২.৯৮ |
| ০২ | মহিলা উন্নয়ন কর্মসূচী | ২১.৯৩ | ১০.২৫ | ৩২.১৮ |
| ০৩ | সদাবিক কর্মসূচী | ৩০.০০ | ২৬.৪০ | ৫৬.৪০ |
| ০৪ | পদাবিক কর্মসূচী | ৯৯.২৭ | ৫৭.০০ | ১৫৬.২৭ |
| ০৫ | পল্লী প্রগতি কর্মসূচী | ২৫.৩৩ | ২৪.৬৪ | ৪৯.৯৭ |
| ০৬ | শস্য ঋণ | ৩.৪৭ | ২.৯৫ | ৬.৪২ |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা | ৬.৯৫ | ৫.৫৬ | ১২.৫১ |
| ০৮ | অপ্রধান শস্য কর্মসূচী | ০.৯৭ | ০.১০ | ১.০৭ |

বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাপাসিয়া, গাজীপুর।

---

১৩ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , কাপাসিয়া, গাজীপুর বলেন যে, তার দপ্তরের সকল কার্যক্রম সঠিকভাবে চলছে। প্রস্তাবিত কার্যক্রম নিম্নরুপঃ

ক) ভিজিডি ২০২১-২২ চক্রের অত্র উপজেলায় ১১ টি ইউনিয়নের ২২৬৬ জন উপকারভোগীর প্রতি জনের মধ্যে ৩০ কেজি হারে ডিসেম্বর/২১ মাসের পুষ্টিসমৃদ্ধ চাল বিতরণ করা হয়েছে।

খ) পরিক্ষণ সেন্টার ঃ ১৩তম ব্যাচের বিউটিফিকেশন ট্রেডে ২৫ জন এবং ফ্যাশন ডিজাইন ট্রেডে ২৫ জন করে সর্বমোট ৫০ জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম চলমান।

গ) ২০২১-২২ অর্থ বছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতার নতুন বরাদ্দ এখনও পাওয়া যায়নি। ১৬৭২ জন ভাতাভোগীর ডিসেম্বর/২১ মাস পর্যন্ত প্রতিমাসে ৮০০/- হারে ভাতার অর্থ নিজ নিজ হিসাবে জমা প্রদান পূর্বক বিতরণ করা হয়েছে।

ঘ) মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য প্রদেয় ঋণের খেলাপী মহিলাদের ঋণ আদায়ের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। আদায়ের হার সন্তোষজনক।

ঙ) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে।

বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসয়িা, গাজীপুর।
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাপাসয়িা, গাজীপুর।

---

১৪ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিষয়ভিত্তিক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরন নিম্নরুপ ঃ

| ক্রমিক নং | বিষয় | পরিবারভিত্তিক কর্মসূচী | | | আত্নকর্মসংস্থান | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | চলতি মাসের হিসাব | ২০২১-২২ অর্থ বছরের ক্রমপুঞ্জিত হিসাব | ক্রমপুঞ্জিত হিসাব | চলতি মাসের হিসাব | ২০২১-২২ অর্থ বছরের ক্রমপুঞ্জিত হিসাব | ক্রমপুঞ্জিত হিসাব |
| | | ০০ | ৪,২০,০০০/- | | ১৭ | ১৩,৫০,০০০/- | |
| ০১ | ঋণ বিতরণ | ০০ জন | ৩৫ জন | ১,০৭৯,২৭,০০০/- | ৬৩ জন | ১৭৬ জন | ২,১৯,০৭,০০০/- |
| ০২ | ট্রেনিং (০৭ দিন মেয়াদি) | ০০ জন | ৩৫ জন | ১০৩৪৬ | ০৫ জন | ২৫ জন | ৬৬৫৪ |
| ০৩ | আত্নকর্ম | ০০ | ০০ | ১০৩৪৬ | ০০ | ০০ টি | ৩৫১৩ |
| ০৪ | যুব সমিতি | ০০ | ০০ | ০০ | ৩০ জন | ১১৩ জন | ৬০ |
| ০৫ | প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরন। | | | | | | ৬৫৯১ |

বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর।

| | | | |
|---|---|---|---|
| ১৫ | উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া তিনি বলেন, জানুয়ারী থেকে সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে করোনা বিধিনিষেধ মেনে ক্লাস কার্যক্রম শুরু হয়েছে বলে সভায় বিস্তারিত আলোচনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর |
| ১৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর বলেন যে, আসন্ন খাদ্যবান্ধব ভোক্তা তালিকা সংশোধনের জন্য ২৩/১২/২০২১ খ্রি. তারিখে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের চিঠি দিয়েছেন বলে জানান কিন্তু এখন পর্যন্ত কোন সংশোধিত তালিকা পাননি। খাদ্যবান্ধব ভোক্তা তালিকায় যদি কোন মৃত/স্বচ্ছল ও ভুয়া ব্যক্তির নাম থাকে তাহলে ঐ নাম বাদ দিয়ে প্রকৃত অতিদরিদ্র ব্যক্তির নাম অন্তর্ভুক্ত করে তালিকা সংশোধন পূর্বক উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে জমা দেওয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করেন। এছাড়াও ভিজিডিসহ অন্যান্য যাবতীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর |
| ১৭ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, কাপাসিয়া, গাজীপুর জানান, ১। কাপাসিয়া উপজেলাধীন ইকুরিয়া খালের পশ্চিম পার্শ্ব থেকে ইসমাইলের বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ প্রকল্পটি গত ২০১৮-১৯ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর মাধ্যমে অনুমোদন দেয়া হয়। অনুমোদনকৃত প্রকল্পটি বর্তমান ২০২০-২১ অর্থ বছরে প্রাক্কলন অনুযায়ী বাস্তবায়ন সম্পন্ন হয়েছে।<br>২। কাপাসিয়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হাই বেঞ্চ ও লো বেঞ্চ সরবরাহ প্রকল্পটি গত ২০১৮-১৯ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর মাধ্যমে অনুমোদন দেয়া হয়। এর মধ্যে ১১১ জোড়া প্লাস্টিকের হাই লো বেঞ্চ এবং ৪টি কাঠের বেঞ্চ ছিল। কিন্তু কাঠের বেঞ্চ থেকে প্লাস্টিকের বেঞ্চ অধিক টেকসই বিধায় প্রকল্পের বিজ্ঞ কনসালটেন্ট এর নীতিগত সিদ্ধান্ত অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান বেঙ্গলকে ৪টি কাঠের বেঞ্চের পরিবর্তে প্লাস্টিকের বেঞ্চ সরবরাহ করার জন্য অনুরোধ করেন। কিন্তু বেঙ্গল ৪টি কাঠের বেঞ্চের পরিবর্তে প্লাস্টিকের বেঞ্চ দিতে অপারগতা প্রকাশ করায় প্রকল্প অফিস ১১১ জোড়া প্লাস্টিকের বেঞ্চ সরবরাহ করে বিল নেয়ার জন্য সুপারিশ করে। সে অনুযায়ী বেঙ্গল ১১১ জোড়া প্লাস্টিকের বেঞ্চ সরবরাহ করে। সুপারিশ অনুযায়ী প্রকল্পটি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে বলে সভায় বিস্তারিত আলোচনা করেন। | ১। কাপাসিয়া উপজেলাধীন ইকুরিয়া খালের পশ্চিম পার্শ্ব থেকে ইসমাইলের বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ করণ প্রকল্প।<br>২। কাপাসিয়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হাই বেঞ্চ ও লো বেঞ্চ সরবরাহ করণ প্রকল্প।<br>উপরোক্ত প্রকল্প দুটি জরুরীভিত্তিতে সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদানের জন্য প্রস্তুতকৃত বিল ভাউচার প্রকল্প পরিচালক, ইউজিডিপি বরাবর প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অতিরিক্ত সচিব, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)।<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>৩। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>৪। উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর। |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, কোভিড-১৯ প্রতিরোধকল্পে স্ব-শরীরে শ্রেণী কার্যক্রম বন্ধ আছে। সমন্বিত উপবৃত্তি কার্যক্রম, ৬ষ্ঠ-দ্বাদশ শ্রেণী পর্যন্ত প্রত্যেক শিক্ষার্থীর নামে একটি ইউনিক আইডি প্রদানের লক্ষ্যে অগ্রিম তথ্য সংগ্রহের কাজ চলমান আছে। এইচএসসি পরীক্ষার্থী-২০১৯ এর প্রথম ও দ্বিতীয় ডোজ ফাইজারের টিকা ৩৬২৪ জন শিক্ষার্থী গ্রহণ করেছে। স্কুল, মাদরাসা, দাখিল, আলীম, কওমী, ইবতেদায়ী ও কিন্ডারগার্টেন এ অধ্যয়নরত ১২-১৭ বছর বয়সী এই পর্যন্ত ৩৪০০০ শিক্ষার্থীর টিকা প্রদান করা হয়েছে। আগামী ২২/০১/২০২২ খ্রি. তারিখের মধ্যে শতভাগ শিক্ষার্থীদেরকে টিকার আওতায় আনা যাবে। হাসপাতাল কর্তৃপক্ষের নিকট গাজীপুর থেকে টিকা এনে ইউনিয়ন পর্যায়ে ৮টি কেন্দ্রে বিতরণের জন্য কোন পরিবহন খরচের বরাদ্দ দেওয়া হয়নি। টিকা প্রদান কাজে নিয়োজিত ব্যক্তিদের কোন আপ্যায়ন খরচেরও বরাদ্দ নাই। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপজেলা পরিষদের তহবিল থেকে উক্ত কাজে বরাদ্দ প্রদানের জন্য প্রস্তাব করেন। এছাড়া আগামী এক মাসের মধ্যেই দ্বিতীয় ডোজ টিকা প্রদানের কাজ শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে আগামী ০২/১২/২০২১ তারিখ হতে এইচ এসসি,আলিম পরীক্ষা-২০২১ শুরু হবে পরীক্ষার সুষ্ঠু সুন্দর ও নকল মুক্ত রাখার জন্য সকলের সহযোগীতা কামনা করে সভায় আলোচনা করেন। | সুষ্ঠু ও সুন্দরভাবে ভ্যাক্সিন কার্যক্রম পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | চেয়ারম্যান, কাপাসিয়া ইউনিয়ন পরিষদ ও চেয়ারম্যান, ঘাগটিয়া ইউনিয়ন পরিষদ সভাপতির অনুমতিক্রমে সভায় জানান যে, চলতি অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে টি.আর ও কাবিটা/কাবিখা প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে প্রকল্প গ্রহণ করা হয়েছে। অধিকাংশ প্রকল্প মাটি দ্বারা রাস্তা মেরামত ও ইট দ্বারা এইচবিবিকরণ নামে প্রকল্প গ্রহণ করা হয়েছে। বৃহত্তর জনস্বার্থে ছোট ছোট প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ সমস্ত প্রকল্পগুলোর কাজ এইচবিবি করা হলে প্রতি লক্ষ টাকায় মাত্র ৭০ ফুট হতে ৮০ ফুট দৈর্ঘ্যের রাস্তা করা যায়। এছাড়া চাল ও গমের বাজার মূল্য ও সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অনেক কম। হিসাব করে দেখা যায় রাস্তা শুরুতে ৫০ ফুট হতে সর্ব্বোচ্চ ২০০ ফুট রাস্তা করা সম্ভব যা প্রয়োজনের তুলনায় খুবই কম। ফলে কাপাসিয়া ও ঘাগটিয়া ইউনিয়নের চেয়ারম্যানসহ উপস্থিত অন্যান্য সকল ইউপি. চেয়ারম্যানগণ ভার্চুয়ালী সংযুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয় ও সভার সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট রাস্তাগুলো এইচবিবি করণের পরিবর্তে ব্রিক ফ্ল্যাট সলিং (বিএফএস) করণের অনুমতি প্রার্থনা করেন যাতে একই বরাদ্দে অধিক দৈর্ঘ্যের রাস্তা করা যায় এবং অধিকাংশ রাস্তা সম্পূর্ণ করা সম্ভব হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করার পর মাননীয় সংসদ সদস্য মহোদয় এবং সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে রাস্তাগুলোর প্রাক্কলন এইচবিবি করণের পরিবর্তে বিএফএস করণের প্রাক্কলন প্রস্তুত করে রাস্তার কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন। | মাননীয় সংসদ সদস্য ও সভাপতি এবং উপস্থিত সকলের মতামত অনুযায়ী প্রাক্কলনের ভিত্তিতে রাস্তাগুলো এইচবিবি করণের পরিবর্তে ব্রিক ফ্ল্যাট সলিং (বিএফএস) মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর।<br>২। চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপি., কাপাসিয়া, গাজীপুর। |
| ২০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর বলেন, টিআর কাবিখার ১ম পর্যায়ের বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দ অনুযায়ী সকল ইউনিয়ন পরিষদ হতে প্রকল্পের তালিকা পাওয়া গেছে। প্রকল্পগুলো অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হয়েছে এবং ২য় ও ৩য় কিস্তির বরাদ্দ দ্রুত সময়ের মধ্যে ছাড় করবেন বলে উর্দ্ধতন কর্তৃপক্ষ জানিয়েছেন। কাপাসিয়া উপজেলায় ০২ (দুই) কিলোমিটার রাস্তা এইচবিবি করনের জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রতি বছরের মত এ বছরও কম্বল ক্রয় করার জন্য ৯,৬৬,০০০/- (নয় লক্ষ ছিষট্টি) টাকা বরাদ্দ পাওয়া গেছে। কাপাসিয়া উপজেলায় ১১ জন বীর মুক্তিযোদ্ধার নামে ১১ টি বীর নিবাস নির্মাণ করার জন্য বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত সময়ের মধ্যে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে টেন্ডার আহ্বান করা হবে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে বলে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | দ্রুত সময়ের মধ্যে বরাদ্দকৃত টাকা দিয়ে কম্বল ক্রয় এবং ১১ টি বীর নিবাস নির্মাণ করণের জন্য বিজ্ঞপ্তির মাধ্যমে টেন্ডার আহ্বান করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর। |
| ২১ | চেয়ারম্যান, কাপাসিয়া ইউনিয়ন পরিষদ বলেন, তার ইউনিয়নে প্রতিদিন শতশত মানুষ আসে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত সেবা নিতে। কিন্তু দুঃখের বিষয় সার্ভার জটিলতার কারণে অধিকাংশ মানুষকে উক্ত সেবা দেওয়া সম্ভব হচ্ছে না। এতে করে জনগণের ভোগান্তি বাড়ছে। সার্ভার সমস্যা থেকে উত্তরণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে কথা বলে সার্ভারের সমস্যা সমাধান করে সাধারণ জনগণের ভোগান্তি কমানোর জন্য প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>এছাড়া নবনির্বাচিত সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ উল্লেখিত জন্ম ও মৃত্যু নিবন্ধন সার্ভারের একই সমস্যার কথা পুনরাবৃত্তি করেন এবং জরুরী ভিত্তিতে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে কথা বলে দ্রুত সমাধানের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | জন্ম ও মৃত্যু নিবন্ধন সার্ভারের সমস্যা নিরসনে দ্রুত উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সমাধান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২।চেয়ারম্যান, কাপাসিয়া ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর। |
| ২২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর বলেন, কাপাসিয়া উপজেলার কবিরের বাজার, আড়াল রাস্তা হতে হাতিরদিয়া পর্যন্ত রাস্তায় সরকারি গাছ আছে যা দীর্ঘদিন যাবৎ মরে পড়ে আছে। কিছু সংখ্যক লোক সেগুলো কেটে নিয়ে যাচ্ছে। জরুরী ভিত্তিতে বিট কর্মকর্তাকে মরা গাছগুলো নাম্বার ও মার্কিং করে মূল্য নির্ধারণ করে বিক্রির ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করেন। | জরুরী ভিত্তিতে রাস্তার পাশে মরা গাছগুলো বিক্রির ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>২। বিট কর্মকর্তা, রাজেন্দ্রপুর রেঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ২৩ | উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর নবনির্বাচিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে বলেন, কাপাসিয়া উপজেলায় অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস প্রকল্পের আওতায় আরো ১০০টি ঘরের বরাদ্দ আসবে। ইতিমধ্যে সকল ইউনিয়নে অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের আবেদন করার জন্য মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারণা চালানো হচ্ছে। খুব শীঘ্রই আবেদন যাচাই বাছাই করা হবে বলে সভায় আলোচনা করেন।<br>তিনি আরো বলেন, কাপাসিয়া উপজেলায় যত্রতত্র কিন্ডারগার্টেন গড়ে উঠেছে। উপজেলা টাস্কফোর্স কমিটি হতে অনুমতি নিয়েছে কিনা এবং কতগুলো কিন্ডারগার্টেন রয়েছে তা আগামী সভায় অবহিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করেন।<br>এছাড়া তিনি নবনির্বাচিত চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে বলেন ইউনিয়ন পরিষদ পরিচালনার জন্য ইউনিয়ন পরিষদ ম্যানুয়াল সম্পর্কে সকল সদস্যগণকে অবহিত করা এবং ইউনিয়ন পরিষদের প্রতিটি মাসিক সভা নির্ধারিত সময়ে আয়োজন করে সভার কার্যপত্র উপজেলা কমিটিতে উপস্থাপন করার জন্য বিস্তারিত আলোচনা করেন। | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস নির্মাণের আবেদনের বিষয়ে ব্যাপক প্রচারণার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আগামী সভায় কাপাসিয়া উপজেলায় কতটি কিন্ডারগার্টেন স্কুল রয়েছে তার তালিকা দাখিলের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ইউনিয়ন পরিষদ ম্যানুয়াল অনুযায়ী সকল চেয়ারম্যানগণ নির্দিষ্ট তারিখে মাসিক সভা আয়োজন করে কার্যবিবরণী উপজেলা মাসিক উন্নয়ন সমন্বয় সভায় দাখিলের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আমানত হোসেন খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাপাসিয়া, গাজীপুর।